

কাহারোলে নতুন জাতের ধান চাষ

■ কাহারোল (দিনাজপুর) সংবাদদাতা

কাহারোল উপজেলায় নতুন জাতের ব্রি-ধান ৮৯ ধান চাষে সফলতা মিলেছে। দীর্ঘদিন উপজেলার চাষিরা ব্রি-২৮, ২৯ জাতের ধান চাষ করেছেন। বিকল্প হিসেবে উচ্চফলনশীল ব্রি-ধান ৮৯ জাতের বেশি ফলনে কৃষকের মুখে হাসি ফুটেছে।

কাহারোল উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, চলতি বোরো মৌসুমে উপজেলায় ৫ হাজার ২৫২ হেক্টর জমিতে বোরো ধান চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তা ছাড়িয়ে এবার ৫ হাজার ৫৫০ হেক্টর জমিতে বোরো ধান আবাদ করা হয়।

উপজেলার কাজী কাঠনা গ্রামের কৃষক বাদশা জানান, তিনি এবার পরীক্ষামূলক ব্রি-ধান ৮৯ আবাদ করেছেন ৫০ শতক জমিতে। কাঁচা অবস্থায় ৪৯ মণ ফলন হয়েছে। ব্রি-ধান ৮৯ এর জীবনকাল ব্রি-ধান ২৯ এর চেয়ে তিন-পাঁচ দিন কম সময় লাগে এবং ফলনও বেশি। তাই কৃষকরা ব্রি-ধান ৮৯ জাতের দিকে ঝুঁকিয়েছে।

কাহারোল উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ আবু জাফর মো. সাদেক জানান, ব্রি-৮৯ ধানসহ কাছাকাছি কয়েকটি জাত সম্প্রসারণে কৃষকদের বিনা মূল্যে বীজ ও সার দেওয়া হয়েছে। কয়েকটি নতুন জাতের প্রদর্শনী দেওয়া হয়েছে কৃষকদের। নতুন জাতগুলোতে ফলন বেশি বলে বর্ধিত জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণে সহায়ক। কৃষি কর্মকর্তা আরো বলেন, ফলন বেশি হওয়ায় কৃষকদের মধ্যে নতুন নতুন জাতের ধান চাষে আগ্রহ বেড়েছে।